

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০১৩.১৭-

২৬০

তারিখ: ২৮.০৩.২০১৮খ্রি:।

বিষয়: কক্সবাজার জেলার পেকুয়া উপজেলাধীন মগনামা মাঝিরপাড়া শাহ রশিদিয়া আলিম মাদরাসার শিক্ষক জনাব ছালেহ আহমদ মজিদি (ইনডেক্স নং-৩১৫১১৯) এর সহকারী মৌলভী পদের বেতন স্কেল ৫১০০/ (বেতন কোড ১৫) হতে আরবি প্রভাষকের বেতন স্কেল ২,৯০০০/ (বেতন কোড ০৭) -তে সংশোধন বিষয়ে প্রয়োজনীয় তথ্য মাদরাসা শিক্ষা অধিদপ্তরে প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ (১) অধ্যক্ষ, মগনামা মাঝিরপাড়া শাহ রশিদিয়া আলিম মাদরাসার স্মারক নং-ম,শা,আ-মা/অ:প(১/১) ১৮

তারিখ: ২০.১২.২০১৮খ্রি:।

(২) মাঝিরপাড়া শাহ রশিদিয়া আলিম মাদরাসার গভর্নিং বডির রেজুলেশন

তারিখ: ০৫.০৯.২০১৫খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত ১ নং স্মারক মূলে অধ্যক্ষ, মগনামা মাঝিরপাড়া শাহ রশিদিয়া আলিম মাদরাসা কর্তৃক তীর মাদরাসার শিক্ষক জনাব ছালেহ আহমদ মজিদি এর বেতন স্কেল সংশোধন বিষয়ক একটি লিখিত আবেদন এ অধিদপ্তরে দাখিল করা হয়।

০২. দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত কাগজ-পত্র ও তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় যে, বর্ণিত মাদরাসার আরবি প্রভাষক পদে নিয়োগের নিমিত্ত যাঁীয় কার্যক্রম সম্পন্নপূর্বক বিষয়োক্ত মাদরাসার তৎকালীন মানেজিং কমিটি কর্তৃক প্রদত্ত নিয়োগ পত্রের ডিঙিতে বিগত ২৬.১১.১৯৯৪ খ্রি: তারিখে জনাব ছালেহ আহমদ মজিদি প্রভাষক, আরবি (শূণ্য) পদে যোগদান করেন।

০৩. পরবর্তীতে উক্ত পদে (প্রভাষক, আরবি) এমপিওভুক্ত হয়ে জনাব ছালেহ আহমদ মজিদি (ইনডেক্স নং-৩১৫১১৯) মে, জুন ও জুলাই, ১৯৯৭ মাসের বেতন-ভাতা উত্তোলন করেন।

০৪. এরপর মাদরাসা কর্তৃক কর্তৃক তাকে (জনাব ছালেহ আহমদ মজিদি) প্রভাষক, আরবি হতে সহকারী মৌলভী পদে পদাবনত করা হয় মর্মে বর্ণিত মাদরাসার গভর্নিং বডির ০৫.৯.২০১৫ খ্রি: তারিখের সভার ২ নং আলোচ্য সূচির আলোচনায় উল্লিখিত হয়েছে।

০৫. এর প্রেক্ষিতে জনাব ছালেহ আহমদ মজিদি তীর আরবি পদ/ আরবি পদের বেতন স্কেল ফিরে পাওয়ার জন্য মাদরাসার তৎকালীন অধ্যক্ষ এবং গভর্নিং বডির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার, চকরিয়া বরাবর আবেদন করলে তাতে কোন প্রতিকার না পেয়ে তিনি (জনাব ছালেহ আহমদ মজিদি) বিগত ২৪.১১.২০১০ তারিখে সিনিয়র সহকারী জজ আদালত, চকরিয়া বরাবর জপর মামলা দায়ের করেন যার নং-৪৪৮/১০।

০৬. ইতোমধ্যে ১১.০৮.২০১৫ খ্রি: তারিখে বাদী ও বিবাদী পক্ষ কর্তৃক সিনিয়র সহকারী জজ আদালত, চকরিয়াতে সোলেহনামা দাখিল করা হয়। বাদী-বিবাদীর জবান বন্দী পর্যালোচনাতে “ সোলেহ নামর সমর্থনে বাদী ছালেহ আহমদ মজিদি এবং বিবাদী পক্ষে ২ নং বিবাদী মোহাম্মদ নূর এর জনাববন্দি পর্যালোচনায় সোলেহনামা সঠিক ও আইনসম্মত মর্মে প্রতীয়মান হয়। কাজেই সোলেহ সূত্রে অত্র মামলা নিষ্পত্তিযোগ্য।” মর্মে মাননীয় আদালত মতব্য করেন।

০৭. উক্ত সোলেহনামা তথা আদালতের ৩০.০৮.২০১৫ তারিখের ডিক্রিমূলে তৎকালীন গভর্নিং বডি কর্তৃক সূত্রোক্ত ২ নং স্মারকে জনাব ছালেহ আহমদ মজিদির বেতন স্কেল ৫১০০/ (বেতন কোড ১৫) হতে আরবি প্রভাষকের বেতন স্কেল ১৫০০০/ (যা বর্তমানে ২,৯০০০/), ০৭ বেতন কোডে সংশোধন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

০৮. সে মতে সূত্রোক্ত বর্ণিত মাদরাসার অধ্যক্ষ কর্তৃক ১ নং স্মারকে জনাব ছালেহ আহমদ মজিদি এর বেতন স্কেল সংশোধনের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ অধিদপ্তরে একটি আবেদন দাখিল করা হয়।

০৯. জনাব ছালেহ আহমদ মজিদির বিষয়টি নিষ্পত্তির নিমিত্ত উপরিউক্ত বর্ণনা মতে নিয়োক্ত তথ্য প্রয়োজন-

(ক) কোন মামলায় সরকারকে পক্ষ না করা হলে উক্ত মামলার কোন রায়/সিদ্ধান্ত সরকারের উপর বাধ্যকর কি-না? উল্লেখ্য যে, আলোচ্য মামলায় সরকারকে পক্ষ করা হয়নি।

(খ) কোন মামলায় সরকারকে পক্ষ না করা হলে উক্ত মামলার কোন রায়/সিদ্ধান্ত সরকারের উপর বাধ্যকর কি-না? উল্লেখ্য যে, আলোচ্য মামলায় সরকারকে পক্ষ করা হয়নি।

(গ) গভর্নিং বডি কর্তৃক কোন শিক্ষককে পদাবনত করার ক্ষমতা/এখতিয়ার আছে কি-না? থাকলে উক্ত ক্ষমতা বাস্তবায়ন করার উপায় কি (প্রমাণকসহ)?

(ঘ) আলোচ্য ক্ষেত্রে জনাব ছালেহ আহমদ মজিদি সহকারী মৌলভী হিসেবে বেতন-ভাতা উত্তোলন করেছেন কি-না? করে থাকলে কিসের ডিঙিতে (প্রমাণকসহ)?

(ঙ) গভর্নিং বডি কর্তৃক আরোপিত শাস্তির বিষয়ে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের কোন অনুমোদন ছিল কি-না?

(চ) গভর্নিং বডি কর্তৃক আরোপিত শাস্তির বিষয়ে প্রতিকার চেয়ে জনাব ছালেহ আহমদ মজিদি বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডে কোন আবেদন করেছিলেন কি-না? করে থাকলে ফলাফল কি?

১০. জনাব ছালেহ আহমদ মজিদি এর বেতন স্কেল সংশোধন সংক্রান্ত বিষয়টি সুরাহার জন্য উপরিউক্ত তথ্যাদি প্রয়োজন।

১১. এমতাবস্থায় কক্সবাজার জেলার পেকুয়া উপজেলাধীন মগনামা মাঝিরপাড়া শাহ রশিদিয়া আলিম মাদরাসার শিক্ষক জনাব ছালেহ আহমদ মজিদি (ইনডেক্স নং-৩১৫১১৯) এর সহকারী মৌলভী পদের বেতন স্কেল ((বেতন কোড ১৫) হতে আরবি প্রভাষকের বেতন স্কেল ২,৯০০০/ (বেতন কোড ০৭) -তে) সংশোধনের নিমিত্ত উপরিউক্ত তথ্যাদি আগামী ১০.০৪.২০১৮ তারিখের মধ্যে এ অধিদপ্তরে প্রেরণ নিশ্চিতকরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

28.03.18
(মো: আফাজ উদ্দীন)

অধ্যক্ষ

মগনামা মাঝিরপাড়া শাহ রশিদিয়া আলিম মাদরাসা, পেকুয়া, কক্সবাজার।

অনুলিপি:

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহনপুল (৯ম তলা)।

২. আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল।

৩. জেলা শিক্ষা অফিসার, কক্সবাজার।

৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পেকুয়া, কক্সবাজার।

৫. অফিস কপি।

সহকারী পরিচালক (সর: ও সিনিয়র মাদরাসা)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন নং-৪১০৩০১৫৯

ই-মেইল- dgdmeb@gmail.com